



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৭০১১৭৬৮১/_____

নথি নং- ৪৫০-৭২

তারিখঃ

.০৫.২০১৮খ্রিঃ

বিষয়ঃ অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ ১) স্মারক নং-০৫.৪৫.৬১৬৫.০০০.৪১.০০৩.১৭-৩০; তারিখঃ ১৫.০১.২০১৮খ্রিঃ

২) নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৭০১১৭৬৮১/২৮১২/৭/ নথি নং-ময়মনসিংহ-৭২; তারিখঃ ০৪.০২.২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলাধীন পোড়াবাড়ী তাজপুর দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ আবুল কালাম এর বিরুদ্ধে অবৈধভাবে সুপার পদে নিয়োগ গ্রহণ, দুর্নীতি, স্বেচ্ছাচারিতা, অর্থ আত্মসাৎসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে সভাপতি জনাব নুরুল ইসলাম অত্র বোর্ডে অভিযোগ দাখিল করেন (কপি সংযুক্ত)।

অভিযোগসহ সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য সূত্রে উল্লিখিত ২নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), মুক্তাগাছা, ময়মনসিংহকে আহ্বায়ক করে ০৩ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন পূর্বক উল্লিখিত বিষয়ে তদন্ত করে সূত্রোক্ত ১নং স্মারকে একটি প্রতিবেদন অত্র বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, মাদ্রাসাটির অভ্যন্তরীণ সমস্যা অনেক পুরাতন। মাদ্রাসার নামে বিভিন্ন দাতাগণ প্রায় ৭ (সাত) একরের উর্দে জমি দান করেছেন। অধিকাংশ জমিদাতাগণ ইতোমধ্যেই মৃত্যুবরণ করেছেন। দাতাগণের ওয়ারিশগণ বর্তমানে অধিকাংশ জমি ভোগ দখলকার আছেন। বর্তমান সভাপতি এই সমস্ত জমি উদ্ধারে তৎপর পরিলক্ষিত হয়। মাদ্রাসার আয়-ব্যয় হিসাব অডিট কর্তৃপক্ষ কর্তৃক নিরীক্ষা করা প্রয়োজন। শিক্ষক-শিক্ষিকা নিয়োগে কোন প্রকার আর্থিক লেনদেন হয়েছে কিনা তা নিরংকুশভাবে প্রমাণিত হয়নি। সুপারের নিয়োগ প্রক্রিয়া ভূতপূর্ব ম্যানেজিং কমিটি কর্তৃক অনুমোদিত মর্মে উল্লেখ করা হয়েছে (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় তদন্ত প্রতিবেদনের আলোকে উল্লিখিত মাদ্রাসার জমি সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ১১ (এগার) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ জেলা প্রশাসক, ময়মনসিংহ।

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৭০১১৭৬৮১/৬০০২/৭ / নথি নং-_____

তারিখঃ ০৫.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. উপজেলা নির্বাহী অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ।
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ।
৪. সভাপতি/সদস্যবৃন্দ, পোড়াবাড়ী তাজপুর দাখিল মাদ্রাসা, ডাকঘর- বটতলা বাজার, মুক্তাগাছা, ময়মনসিংহ।
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার, পোড়াবাড়ী তাজপুর দাখিল মাদ্রাসা, ডাকঘর- বটতলা বাজার, মুক্তাগাছা, ময়মনসিংহ।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪